দৈনিক ইনকিলাব

তারিখ 19 JUN 2008

পৃষ্ঠা ১ ৫

# এমপিওভুক্ত নয় এমন শিক্ষা প্রতিষ্ঠানে মহার্ঘ ভাতা দেয়া হবে না

*—অর্থ উপদেষ্টা*

**স্টাফ রিপোর্টার**

এমপিওভুক্ত নয়, এমন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা সরকার ঘোষিত ২০ শতাংশ মহার্ঘ ভাতা পাবেন না। কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রেও এ সুবিধা প্রযোজ্য হবে না বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা এ বি মির্জ্জা আজিজুল ইসলাম। ছোটখাট দু'একটি বিষয় ছাড়া প্রস্তাবিত বাজেটে বড় ধরনের কোনো পরিবর্তন আসবে না বলেও জানিয়েছেন তিনি। গতকাল (বুধবার) পরিকল্পনা মন্ত্রণালয়ে যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক জুনিয়র

পৃঃ ২ঃ কঃ ৮

## এমপিওভুক্ত নয় এমন

*প্রথম পৃষ্ঠার পর*

মন্ত্রী শাহিদ মালিকের সঙ্গে এক বৈঠকের পর অর্থ উপদেষ্টা সাংবাদিকদের একথা বলেন। বাজেটে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য ২০ শতাংশ মহার্ঘ ভাতার যে ঘোষণা দেয়া হয়েছে কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা তা পাবেন কিনা, এ প্রশ্নের জবাবে অর্থ উপদেষ্টা বলেন, এমপিওভুক্ত ছাড়া অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা ২০ শতাংশ মহার্ঘ ভাতা পাবেন না। কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরাও এ সুবিধা পাবেন না। মির্জ্জা আজিজ জানান, প্রস্তাবিত বাজেটে বড় কোনো পরিবর্তন আনা হবে না। বৃহস্পতিবার এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে বৈঠকে বসবেন তিনি। তিনি বলেন, প্রস্তাবিত বাজেট নিয়ে প্রায় ১০টি ব্যবসায়ী সংগঠনের সঙ্গে আমার সরাসরি কথা হয়েছে। তাছাড়া ওয়েবসাইটে ও ডাকযোগে যেসব মতামত পাওয়া গেছে তাতেও বড় কোনো পরিবর্তনের প্রস্তাব কেউ দেয়নি।